



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ফার্মেসী বিভাগের ১৬ তম বার্ষিকী উদযাপন উপলক্ষে সেমিনার ও র্য়ালি অনুষ্ঠিত



৮ ফেব্রুয়ারি ২০২৪-বৃহস্পতিবার ফার্মেসী বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১৬ তম বার্ষিকী উদযাপন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়। সকালে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম এর নেতৃত্বে একটি র্য়ালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

পরবর্তীতে ফার্মেসী বিভাগে 'Career Perspectives of Pharmacists in Bangladesh' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে বলেন, “ফার্মেসী বিভাগ চিকিৎসাক্ষেত্রে হেল্প ম্যানেজমেন্টের বিরাট অংশ এবং এটা গভর্ন্যান্সের সাথে সম্পৃক্ত। চিকিৎসকদের কাছে ফার্মেসী বিভাগের আবেদন হওয়া উচিত রোগীদের যাতে স্পষ্ট সঠিকভাবে কম্পিউটার টাইফড প্রেসক্রিপশন দিয়ে থাকে।”



ফার্মেসী বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মোশাররফ হোসেনের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন, ইনসেপ্টা ফার্মাসিউটিকাল লি. এর মোঃ হযরত আলী, অধ্যাপক ড. সুকুমার বেপারী, আর এন্ড ডি এক্সপার্ট জামাল হোসেন এবং সহযোগী অধ্যাপক ড. মোঃ মনির হোসেন। অনুষ্ঠানের আহ্বায়ক হিসেবে ছিলেন সহযোগী অধ্যাপক ড. রাজিয়া সুলতানা ও সঞ্চালনার দায়িত্বে ছিলেন দিপংকর কুমার শীল। এসময় বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।